উপজেলা ভূমি অফিস, শাহজাদপুর
প্রাপ্তি নং ০৭৩ তাং ৮/৩/১৭
কানুনগো / সার্ভেয়ার/প্রধান সহকারী
নাজির / তারিখ- ০১/০৩/২০১৭খ্রিঃ / সহকারী

# শাহজাদপুর পৌরসভা কার্যালয়

শাহজাদপুর, সিরাজগঞ্জ।

স্মারক নং- শা/পৌর/ইজারা নথি-১৩/২০১৬-২০১৭/ ১১২ (৩৮)

তারিখ- ০১/০৩/২০১৭খ্রিঃ

## শাহজাদপুর পৌরসভাধীন হাট-বাজার বিভিন্ন মহল ইজারা বিজ্ঞপ্তি নং- ০৪/২০১৬-২০১৭

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমাবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১ ৮৭১ তারিখ ২১ সেপ্টেম্বর-২০১১ সনে জারীকৃত সরকারী হাট-বাজার সমুহের ইজারা প্রস্তুতি ও ব্যবস্থাপনা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা মোতাবেক শাহজাদপুর পৌরসভার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত এবং মেয়র, শাহজাদপুর পৌরসভার নিয়ন্ত্রনাধীন দ্বারিয়াপুর হাট-বাজার ও শাহজাদপুর পৌরসভার বাস টার্মিনাল, পশু জবাই ফি আদায়, দিলরুবা মাইক্রোবাস ষ্ট্যান্ড ইজারা ১৪২৪ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহনেচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নলিখিত ক্যালেন্ডার ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### ক্যালেন্ডার

### দরপত্র দাখিলের তারিখ, সময়সূচী এবং বিবরণ ঃ

| ক্রঃ নং | বিবরন | দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | দরপত্র দাখিলের তারিখ | দপপত্র গ্রহণ/খোলার সময় | | নির্ধারিত দরপত্র ফরমের মূল্য | বিগত ০৩ বছরের গড় ইজারা মূল্য (সরকারী মূল) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | গ্রহনের সময় | খোলার সময় | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | শাহজাদপুর হাট-বাজার (দ্বারিয়াপুর কাপড় পট্টি ও পাবলিক টয়লেট সহ) | ১ম বার ১৫/০৩/১৭<br>২য় বার ২৯/০৩/১৭<br>৩য় বার ০৫/০৪/১৭ | ১ম বার ১৬/০৩/১৭<br>২য় বার ৩০/০৩/১৭<br>৩য় বার ০৬/০৪/১৭ | ০১.০০ টা পর্যন্ত | ৩.৩০ টা পর্যন্ত | ১৪,৮০০/= | ৭০,৪৯,০০০/= |
| ২ | শাহজাদপুর পৌরসভা বাস টার্মিনাল(বিসিক) | ঐ | ঐ | ০১.০০ টা পর্যন্ত | ৩.৩০ টা পর্যন্ত | ৫০০/= | ৭০,৫৩৩/= |
| ৩ | পশু জবাই ফি আদায় ইজারা | ঐ | ঐ | ০১.০০ টা পর্যন্ত | ৩.৩০ টা পর্যন্ত | ৫০০/= | ৬৫,৮৩৩/= |
| ৪ | দিলরুবা মাইক্রো বাস ষ্ট্যান্ড | ঐ | ঐ | ০১.০০ টা পর্যন্ত | ৩.৩০ টা পর্যন্ত | ৫০০/= | ৩০,৫৬৬/= |

উল্লেখ ১ম বার দরপত্র অনুষ্ঠানে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ঐ হাট-বাজারটির নাম ২য় বার দরপত্র অনুষ্ঠানে বাদ দেয়া হয়েছে বলে গন্য হবে এবং ২য় বার যতি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ৩য় বার ঐ হাট-বাজারটির দরপত্র অনুষ্ঠানে বাদ দেয়া হয়েছে বলে গন্য হবে।

- ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের সংশ্লিষ্ট তারিখের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত জেলা প্রশাসক, সিরাজগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সহকারী কমিশনার (ভূমি), শাহজাদপুর, সিরাজগঞ্জ, ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, শাহজাদপুর শাখা, অফিসার ইনচার্জ, শাহজাদপুর থানা এবং নিম্নস্বাক্ষরকারী কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) দরপত্র ফরম গ্রহণ করা যাবে।
- ক্যালেন্ডার অনুযায়ী ধার্যকৃত তারিখে দুপুর ০১.০০ টার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), পুলিশ সুপার সিরাজগঞ্জ, জেলা প্রশাসক, সিরাজগঞ্জ ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং ঐদিনই বেলা ০৩.০০ টার সময় সংশ্লিষ্ট কার্যালয়ে দরদাতা গনের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র সমুহ খোলা হবে। উল্লেখ্য, দপরত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না।

## বাংলা সনের হাটবাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪২৪ সনের ১লা বৈশাখ হতে ১৪২৪ সনের ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

স্মারক নং- শা/পৌর/ইজারা নথি-১৩/২০১৬-২০১৭/ ১১২ (৩৮) তারিখ- ০১/০৩/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইলঃ-

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ।
৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/পিডাব্লিউডি/সড়ক ও জনপথ, সিরাজগঞ্জ।
৭। উপজেলা নির্বাহী অফিসার, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
৮। উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
৯। উপজেলা পশু সম্পদ কর্মকর্তা, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
১০। সহকারী কমিশনার (ভূমি), শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
১১। উপজেলা মৎস্য কর্মকর্তা, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
১২। উপজেলা প্রকৌশলী, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
১৩। অফিসার ইনচার্জ, শাহ্জাদপুর থানা, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
১৪। উপজেলা সাব রেজিষ্টার, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
১৫। পোষ্ট মাষ্টার, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
১৬। উপ-সহকারী ভূমি কর্মকর্তা, শাহ্জাদপুর পৌর ভূমি অফিস, সিরাজগঞ্জ।
১৭-২৮। জনাব ........................................................কাউন্সিলর, শাহ্জাদপুর পৌরসভা, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
২৯। সচিব, শাহ্জাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ।
৩০। নির্বাহী প্রকৌশলী, শাহ্জাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ।
৩১। সহকারী প্রকৌশলী, শাহ্জাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ।
৩২। হিসাব রক্ষক, শাহ্জাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ।
৩৩। সম্পাদক, প্রতিদিনের সংবাদ পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০৩/০৩/২০১৭ ইং তারিখের মধ্যে ১ (এক) দিন মাত্র প্রকাশ করিয়া বিল সহ পত্রিকা প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৩৪। সম্পাদক, The Daily Observer পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০৩/০৩/২০১৭ ইং তারিখের মধ্যে ১ (এক) দিন মাত্র প্রকাশ করিয়া বিল সহ পত্রিকা প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৩৫। ..............................................................................................................................................।

পূর্ববর্তী ৩ (তিন) বছরের ইজারা ডাককারী/পূর্ববর্তী বছরের ইজারা গ্রহনকারী।

৩৬। ..............................................................................................................শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।
৩৭। বুলেট মাইক সার্ভিস, দ্বারিয়াপুর বাজার, শাহ্জাদপুর, সিরাজগঞ্জ। পৌর এলাকায় উক্ত বিজ্ঞপ্তিটি ৫ দিন বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হইল।
৩৮। অফিস নথি/নোটিশ বোর্ড, অত্রাফিস।

নাসির ১/৩/১৭

(মোঃ নাসির উদ্দিন)
প্যানেল মেয়র-২
শাহ্জাদপুর পৌরসভা
শাহ্জাদপুর, সিরাজগঞ্জ।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে মেয়র, শাহ্‌জাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ এর অনুকুলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনারায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলেও ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদ টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/= নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার/বাস টার্মিনাল/মাইক্রোবাসষ্ট্যান্ড/টয়লেট পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এই বিজ্ঞপ্তির কোন অংশ সংশোধন/সংযোজন/পরিবর্তন করার সকল ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষন করেন।

নাসির ১/৬/১৭
(মোঃ নাসির উদ্দিন)
প্যানেল মেয়র-২
শাহ্‌জাদপুর পৌরসভা
শাহ্‌জাদপুর, সিরাজগঞ্জ।